



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধাঞ্জলী নিবেদন



১৪ অক্টোবর ২০২৩-শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করা হয়।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিবৃন্দ উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে বঙ্গবন্ধুসহ ১৫ আগস্ট নিহত সকল শহিদদের আত্মার শান্তি কামনায় দোয়া ও মোনাজাতে অংশগ্রহণ করা হয়।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং শিক্ষক সমিতি নেতৃবৃন্দ শোক বইয়ে স্বাক্ষর করেন।